

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২০৫.২০১৯/২১৫৫/৬

তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি.

বিষয়: জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলাধীন জামালগঞ্জ কলেজের মো: শরাফত আলী, প্রভাষক(রসায়ন) এর এমপিওভুক্তি।

সূত্র: কলেজের পত্র স্মারক নং-জাডিক/আক্কেল/জয়/২২৭/২০১৯, তারিখ: ০৮/০৫/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলাধীন জামালগঞ্জ কলেজের জনাব মো: শরাফত আলী, প্রভাষক(রসায়ন) ডিগ্রি (পাশ) সৃষ্ট পদে ০৬/১২/২০১৬খ্রি. তারিখে যোগদান করে কর্মরত। কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত প্রতিষ্ঠান। বর্তমানে জনাব ইমাম সিরাজুল হক, সহকারী অধ্যাপক(রসায়ন), ইনডেক্স নং-৬১৪৪০১ গত ৩০/১২/২০১৮খ্রি. তারিখে অবসর গ্রহণ করায় পদটি শূণ্য। কলেজটির গভর্ণিং বডির মাধ্যমে সমন্বয় করে এমপিওভুক্তির জন্য অন লাইনে আবেদন করেন। বর্ণিত প্রভাষকের আবেদন নিম্নবর্ণিত কারন উল্লেখ করে রিজেস্ট করা হয়।

ক্র.নং	নাম ও পদবি	রিজেস্টের কারন
১	মো: শরাফত আলী প্রভাষক(রসায়ন)	১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে যোগদান পর্যন্ত ৬ মাসের অধিক হওয়ার করনে ২. ডিগ্রি(পাশ) সৃষ্ট পদ হতে উচ্চ মাধ্যমিক শূণ্য পদে সমন্বয় করার কারনে

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১৩/এমপিও/৩০%-৭/২০০৯/১৯৬, তারিখ: ০৭/০৮/২০১২খ্রি. তারিখের পরিপত্রে উল্লেখ ছিল “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে(স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) মহিলা শিক্ষক নিয়োগ সংক্রান্ত”। বর্ণিত পরিপত্রের ৪(৩) বলা হয়েছে- সর্বশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৬(ছয়) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে। অন্যথায় গৃহীত নিয়োগ কার্যক্রম বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে অনুচ্ছেদ-(৪) এর উপ অনুচ্ছেদ-(১) এর অধীন নতুনভাবে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে। কিন্তু বর্ণিত পদে মহিলা কোটা পূরণের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি।

এছাড়া, জনবল কাঠামো-২০১৮ এর ৬.২(খ) অনুযায়ী উচ্চ মাধ্যমিক এমপিওভুক্ত কলেজে(১১শ-১৫শ) উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি পর্যায়ে বিষয় স্বীকৃতি থাকলে প্রতি বিষয়ে দুইজন প্রভাষক/সহকারী অধ্যাপক এমপিও প্রাপ্য হবেন। জনবল কাঠামো-২০১৮ এর ৯(ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি(পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যারটার্নভুক্ত শূণ্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

এমতাবস্থায়, জনাব মো: শরাফত আলী, প্রভাষক(রসায়ন) এর এমপিওভুক্তির জন্য অন লাইনে আবেদন নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: এনামুল হক হাওলাদার)

উপপরিচালক(কলেজ-২)

ফোন নং- ৯৫৫৭৬৯১

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

জামালগঞ্জ কলেজ, আক্কেলপুর, জয়পুরহাট।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, জামালগঞ্জ কলেজ, আক্কেলপুর, জয়পুরহাট।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী(পত্রের মর্ম মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট(পত্রের মর্ম মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।।
- ৪। জনাব মো: শরাফত আলী, প্রভাষক(রসায়ন), জামালগঞ্জ কলেজ, আক্কেলপুর, জয়পুরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট(পত্রের মর্ম মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।।
- ৬। সংরক্ষণ নথি।